

জুমু‘আর সালাত কার উপর ফারয?

স্বাধীন, প্রাপ্ত বয়স্ক, বিবেকবান, নিজ এলাকায় অবস্থানরত (মুক্ফীম), জুমু‘আর সালাতে উপস্থিত হতে সক্ষম এবং তাতে অনুপস্থিত থাকার শারী‘য়াতে গ্রহণযোগ্য কোন ‘উয়্ৰ নেই, এমন প্রত্যেক মুছলমানের উপর জুমু‘আর সালাত আদা করা ফারয।

এর প্রমাণ হলো ক্বোরআনে কারীমে আল্লাহ ﷺ ইরশাদ করেছেন:-

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَىٰ ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ.^১

অর্থাৎ- হে ঈমানদারগণ! জুমু‘আর দিন যখন নামাযের জন্য ডাকা হয়, তখন বেচা-কেনা ত্যাগ করে তাড়াতাড়ি করে আল্লাহর স্মরণে অগ্রসর হও। এটা তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জানো।^২

যে ব্যক্তি জুমু‘আর সালাত আদায় করে নিবে, তাকে আর ঐ দিনের যুহরের সালাত আদা করতে হবে না। আর যদি কেউ শারী‘য়াত সম্মত কোন ‘উয়্ৰ বশতঃ জুমু‘আর সালাতে উপস্থিত হতে না পারে, তাহলে তাকে অবশ্যই যথাসময়ে যুহরের সালাত আদা করতে হবে।

সালাতুল জুমু‘আর গুরুত্ব ও অপরিহার্যতা বর্ণনা করতে যেয়ে রাছুলুল্লাহ ﷺ বলেছেন:-

مَنْ تَرَكَ ثَلَاثَ جُمُعٍ تَهَاوُنًا بِهَا، طَبَعَ اللَّهُ عَلَىٰ قَلْبِهِ.^৩

অর্থ- যে ব্যক্তি (একাধারে) তিন জুমু‘আ অলসতা ও অবহেলায় ছেড়ে দিল, আল্লাহ তার দিলে মোহর মেরে দেন।^৪

সালাতুল জুমু‘আর গুরুত্ব ও অপরিহার্যতার বিষয়ে আবু হুরায়রাহ رضي الله عنه থেকে বর্ণিত হাদীছে রয়েছে, রাছুলুল্লাহ ﷺ বলেছেন:-

لَيَنْتَهَيْنَ أَقْوَامٌ عَن وُدْعِهِمُ الْجُمُعَاتِ، أَوْ لَيَحْتَمِنَنَّ اللَّهُ عَلَىٰ قُلُوبِهِمْ، ثُمَّ لَيَكُونَنَّ مِنَ الْغَافِلِينَ.^৫

১. سورة الجمعة - ৯

২. ছুরা আল জুমু‘আ- ৯

৩. رواه أبو داؤد والنسائي و الحاكم

৪. ছুনানু আবী দাউদ, ছুনানু নাছায়ী, মুছতাদরাকে হাকিম

৫. رواه مسلم و النسائي

অর্থ- হয় তারা (যে সব লোকেরা জুমু‘আর সালাত আদা করতে আসে না) অবশ্যই জুমু‘আর সালাত ত্যাগ থেকে বিরত হবে (অর্থাৎ জুমু‘আর সালাত আদা করবে), অন্যথায় অবশ্যই আল্লাহ তাদের অন্তরে মোহর মেরে দেবেন। তাতে তারা নিশ্চিত গাফিলদের অন্তর্ভুক্ত হয়ে যাবে।^৬

রাছূল ﷺ আরো বলেছেন:-

لَقَدْ هَمَمْتُ أَنْ أَمُرَّ رَجُلًا يُصَلِّيَ بِالنَّاسِ، ثُمَّ أَحْرَقَ عَلَى رِجَالٍ يَنْخَلِفُونَ عَنِ الْجُمُعَةِ بِيُوتِهِمْ.^৭

অর্থ- আমার ইচ্ছে হয়, আমি কোন এক ব্যক্তিকে নামায পড়ানোর নির্দেশ দেই, আর ঐ দিকে আমি গিয়ে যে সকল লোক জুমু‘আর সালাত পড়তে আসে না, তাদের ঘর-বাড়ী জ্বালিয়ে দেই।^৮

গ্রন্থসূত্র:-

- ১) ‘আল্লামা শায়খ মুহাম্মাদ ইবনু জামীল যাইনু সংকলিত- আরকানুল ইছলাম ওয়াল ঈমান।
- ২) ফিক্বহু ছুন্নাহ লিল ‘আল্লামা আছ্ছায়িদ ছাবিক্ব
- ৩) আল ফিক্বহু ‘আলাল মাযাহিবিল আরবা‘আহ লি আদ্বির্ রহমান আল জায়িরী।
- ৪) বুলুগুল মারাম লিল ‘আল্লামা আল হাফিয় ইবনু হাজ্জর আল ‘আছ্ছালানী।
- ৫) যাদুল মা‘আদ লিল ‘আল্লামা আল হাফিয় ইবনু ক্বায়িয়ম আল জাওয়িয়্যাহ।
- ৬) আল মাজমূ‘ লিল ইমাম আশ শাফি‘য়ী।
- ৭) আল মুগনী লিল ইমাম ইবনু ক্বোদামা।

৬. সাহীহ মুছলিম, ছুনানু নাছায়ী

৭. رواه مسلم و أحمد و الحاكم

৮. সাহীহ মুছলিম, মুছনাদে ইমাম আহমাদ, মুছতাদরাকে হাকিম